12

দৈনিক ইত্তেফাক
তারিখ 16 JUL 1995
পৃষ্ঠা ৩ কলাম ৭

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## এডমিটকার্ড বঞ্চিত ২১ জন পরীক্ষার্থী মামলা করিয়া পরীক্ষা দিতেছে

টাঙ্গাইল সংবাদদাতা ॥ সখিপুর থানার কাদের নগরস্থ মুজিব মহাবিদ্যালয়ের ২১ জন এইচ এস সি পরীক্ষার্থীর এডমিট কার্ড কলেজে না পৌঁছায় তাহাদের পরীক্ষায় (৪র্থ পৃঃ দ্রঃ)

### এডমিট কার্ড

(৩য় পৃঃ পর)

অংশগ্রহণ অনিশ্চিত হইয়া পড়িলে তাহারা আদালতের আশ্রয় নেয় এবং শেষ পর্যন্ত পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাইয়াছে। মোকদ্দমা শেষ না হওয়া পর্যন্ত মোকদ্দমার বাদী পরীক্ষার্থীদের চলতি এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণে যাহাতে কোন বিঘ্ন সৃষ্টি না হয় সেজন্য সখিপুর থানা সহকারী জজ আদালত হইতে বিবাদী ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের প্রতি অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করা হইয়াছে। বাদী পরীক্ষার্থীরা চলতি এইচ এস সি পরীক্ষার বৈধ পরীক্ষার্থী থাকা এবং তাহাদের পরীক্ষায় অংশগ্রহণের আইনগত অধিকার থাকার ঘোষণার দাবীতে সখিপুর থানা সহকারী জজ আদালতে মোকদ্দমা দায়ের করে।

মামলার বিবরণ হইতে জানা যায়, উক্ত কলেজের অন্য ছাত্রছাত্রীদের মত মোকদ্দমার বাদী ২১জন ছাত্রছাত্রী ১৯৯৫ সালের এইচ এস সি পরীক্ষায় অংশ নেওয়ার নিমিত্তে উক্ত কলেজের মাধ্যমে ঢাকা শিক্ষা বোর্ডে তাহাদের নাম রেজিষ্ট্রেশন করায়। পরে যথাযথ ফি প্রদানপূর্বক ফরম পূরণ করে। কিন্তু পরীক্ষার পূর্বে সংশ্লিষ্ট কলেজে ঢাকা শিক্ষা বোর্ড হইতে পরীক্ষার্থীদের তালিকাসহ অন্যদের এডমিট কার্ড পাঠানো হইলেও তাহাদের কার্ড পাঠানো হয় নাই। পরীক্ষার্থীদের তালিকায় তাহাদের নাম থাকিলেও এডমিট কার্ড কেন নাই এ মর্মে অধ্যক্ষ কোন সন্তোষজনক উত্তর দিতে না পারিয়া বোর্ডে যোগাযোগ করেন। কিন্তু বোর্ড হইতে তিনি কোন সন্তোষজনক জবাব না পাইয়া উক্ত ছাত্রছাত্রীদের পরীক্ষায় অংশ গ্রহণ করিতে দিতে আপত্তি জানান। এ অবস্থায় পাঁচজন ছাত্রীসহ ২১জন পরীক্ষার্থী আদালতের আশ্রয় নেয়।

SHEET ___ OF ___ SHEETS
3. SYSTEM